গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর

এবং

মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র

জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৪

## জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

যুবদের প্রশিক্ষণ ও কর্মসংস্থানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে যুবদের উদ্বুদ্ধকরণ,প্রশিক্ষণদান, প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা ও আত্মকর্মসংস্থানের নিমিত্ত গত ০৩(তিন) বছরে জেলায় ১৬,৯২২ জনকে প্রশিক্ষণ, ৩৩৩৩ জনের মধ্যে ১০.২৬ কোটি টাকা প্রশিক্ষণোত্তর ঋণ বিতরণ এবং ৩০০৪ জন যুবক ও যুব মহিলাকে আত্মকর্মসংস্থান প্রকল্প গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী করা হয়েছে। এছাড়াও গত ৩ বছরে বিভিন্ন সামাজিক কর্মকান্ডে অবদান রাখার জন্য মোট ৮৮ টি যুব সংহঠনকে নিবন্ধন প্রদান করা হয়েছে এবং ১ জন সফল আত্নকর্মী ও ১ জন সফল যুব সংগঠক জাতীয় যুব পুরস্কারে ভুষিত হয়েছেন।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

যুব জনসংখ্যা ক্রমবর্ধমান । এ ক্রমবর্ধমান যুবসংখ্যাকে যুবশক্তিতে রূপান্তর করা একটি চ্যালেঞ্জ। দেশের যুবশক্তিকে আত্মকর্মী হিসেবে গড়ে তোলাসহ আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ ট্রেড নির্বাচন, প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষিত যুবদের প্রয়োজনীয় সহায়তা দিয়ে দক্ষ যুবশক্তি হিসেবে গড়ে তুলে দেশী বিদেশী শ্রমবাজারে সম্পৃক্ত করা একটি বিশাল চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

দেশ বিদেশের চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণ করে যুবদের প্রশিক্ষণ প্রদান করা হবে। সমাজ বিরোধী কর্মকান্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা হবে। ই-লানিং প্রক্রিয়ায় মুক্তপাঠের মাধ্যমে বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রমে যুবদের অধিকহারে সম্পৃক্ত করা হবে। আত্মকর্মীদের মধ্য থেকে উদ্যোক্তা সৃষ্টি করা হবে।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- দেশে বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে মোট ৬৩৭৫ জন যুবক ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান।
- প্রশিক্ষিত যুবদের মধ্যে ১১৪০ জনকে ৪২৬.৬০ (লক্ষ টাকায়) টাকা (আত্মকর্ম-৬৬০ জনকে ৩,৬৯,০০,০০০/- টাকা ও পরিবার ১২টি কেন্দ্রে ৪৮০ জনকে ৫৭,৬০,০০০/- টাকা ) ঋণ প্রদানের মাধ্যমে স্বাবলম্বী করা।
- কর্মসংস্থানমূলক প্রকল্প স্থাপন ও সম্প্রসারনপূর্বক ১৪৩০ জন আত্মকর্মী সৃষ্টি।
- সমাজ বিরোধী কর্মকান্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের জন্য ১৪ টি অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি।
- ১৩ টি যুব সংগঠন নিবন্ধন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর

এবং

মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর-এর মধ্যে ২০২৩ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বাংলাদেশের উন্নয়ন ও গৌরব বৃদ্ধিতে সক্ষম, নৈতিক ও মানবিক মূল্যবোধ সম্পন্ন আধুনিক জীবনমনস্ক যুবসমাজ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

জীবনের সর্বক্ষেত্রে যুবদের প্রতিষ্ঠার লক্ষ্যে তাদের প্রতিভার বিকাশ ও ক্ষমতায়ন নিশ্চিত করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. জাতীয় উন্নয়নে দক্ষ যুবশক্তি
২. উৎপাদনশীল যুব সমাজ গঠন
৩. সামাজিক সচেতনতা সৃষ্টির মাধ্যমে যুবদের সক্ষমতা বৃদ্ধিকরণ।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. যুবদের প্রশিক্ষণ, উন্নয়ন ও কল্যাণমুখী যাবতীয় কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে দক্ষ মানব সম্পদ তৈরি এবং তাদের জাতীয় উন্নয়নের মূলধারার সাথে সম্পৃক্তকরণ;
২. বেকার যুবদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং উন্নয়নমূলক কাজে যুবদের স্বেচ্ছায় অংশগ্রহণে উৎসাহিতকরণ, সফল যুবদের পুরস্কার প্রদান, যুবসংগঠনকে অনুদান প্রদান ও মনিটরিং;
৩. জাতি গঠনমূলক কাজে যুবদের সম্পৃক্তকরণ ও ক্ষমতায়ন।
৪. যুব উন্নয়ন কার্যক্রমের উপর গবেষণা ও জরিপ;

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| ১৫% আত্মকর্মসংস্থান বৃদ্ধি করা | প্রশিক্ষিত যুব সংখ্যা | জন | ৬৫৫২ | ৩৬৩০ | ৬৩৭৫ | ৬৭০০ | ৭০০০ | যুব উন্নয়ন অধিদপ্তর | যুব উন্নয়ন অধিদপ্তর |
| | ঋণ বিতরনের মাধ্যমে উপকারভোগির সংখ্যা | জন | ১১০৪ | ১০২৯ | ১১৪০ | ১২০০ | ১২৫০ | যুব উন্নয়ন অধিদপ্তর | যুব উন্নয়ন অধিদপ্তর |
| | আত্নকর্মীর সংখ্যা | জন | ৭৫৬ | ৮২৮ | ১৪৩০ | ১৫০০ | ১৫৭৫ | যুব উন্নয়ন অধিদপ্তর | যুব উন্নয়ন অধিদপ্তর |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] জাতীয় উন্নয়নে দক্ষ যুবশক্তি | ২৫ | [১.১] যুবদের প্রশিক্ষণ কোর্স পরিচালনা | [১.১.১] প্রশিক্ষিত যুব সংখ্যা | সমষ্টি | জন | ২৫ | ৬৫৫২ | ৩৬৩০ | ৬৩৭৫ | ৫৭৩৮ | ৫১০০ | ২৫৪১ | ৩৮২৫ | ৬৭০০ | ৭০০০ |
| [২] উৎপাদনশীল যুব সমাজ গঠন | ২৫ | [২.১] দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের ঋণ সহায়তা দান | [২.১.১] প্রকল্প স্থাপনের লক্ষ্যে যুব ঋণ গ্রহীতার সংখ্যা | সমষ্টি | জন | ১০ | ৭৮০ | ৭৫০ | ৬৬০ | ৫৯৪ | ৫২৮ | ৪৬২ | ৩৯৬ | ৭২০ | ৭৯০ |
| | | [২.২] প্রান্তিক জনগোষ্ঠিকে আয়বর্ধক কর্মসূচিতে সম্পৃক্তকরণে ঋণ সহায়তা প্রদান | [২.২.১] উপকারভোগীর সংখ্যা | সমষ্টি | জন | ৮ | ২৪০ | ২৪০ | ৪৮০ | ৪৩২ | ৩৮৪ | ৩৩৬ | ২৮৮ | ৫৩০ | ৫৮০ |
| | | [২.৩] প্রশিক্ষিত যুবদের কর্মসংস্থান সৃষ্টি | [২.৩.১] সৃষ্ট কর্মসংস্থান | সমষ্টি | জন | ৭ | ৭৫৬ | ৮২৮ | ১৪৩০ | ১২৮৭ | ১১৪৪ | ১০০১ | ৮৫৮ | ১৫০০ | ১৫৭৫ |
| [৩] সামাজিক সচেতনতা সৃষ্টির মাধ্যমে যুবদের সক্ষমতা বৃদ্ধিকরণ। | ২০ | [৩.১] জাতীয় যুব পুরস্কার প্রদান | [৩.১.১] পুরস্কার প্রাপ্ত আত্মকর্মী যুব/ যুব সংগঠক এর সংখ্যা | সমষ্টি | জন | ৮ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |
| | | [৩.২] জনসচেতনতামুলক অনুষ্ঠান | [৩.২.১] দক্ষ উদপাদনশীল ও সচেতন যুব সমাজ গঠনের লক্ষ্যে অনুষ্ঠিত জনসচেতনতামূলক অনুষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ৭ | ১৪ | ০৭ | ১৪ | ১৩ | ১১ | ১০ | ০৯ | ১৫ | ১৬ |
| | | [৩.৩] যুব সংগঠন নিবন্ধন কার্যক্রম | [৩.৩.১] যুব সংগঠন নিবন্ধেনের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩৬ | ১৩ | ১৩ | ১২ | ১০ | ০৯ | ০৮ | ১৩ | ১৩ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর, মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর হিসাবে উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.................................................................... ....................................................................

উপপরিচালক
উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর,
দিনাজপুর

তারিখ

.................................................................... ....................................................................

মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | BMC | Budget Management committee |
| ২ | CC | Citizen's Charter |
| ৩ | DYD | Department of Youth Development |
| ৪ | GRS | Grievance Redress System= অভিযোগ প্রতিকার ব্যবস্থা |
| ৫ | MTBF | Mean Time Between Failure |
| ৬ | NIS | National Integrity Strategy,(শুদ্ধাচার কৌশল) |
| ৭ | RTI | Right To Information= তথ্য অধিকার। |
| ৮ | যুউঅ | যুব উন্নয়ন অধিদপ্তর |
| ৯ | যুক্রীম | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] যুবদের প্রশিক্ষণ কোর্স পরিচালনা | [১.১.১] প্রশিক্ষিত যুব সংখ্যা | উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর | প্রশিক্ষনার্থীর বিস্তারিত তথ্য সম্বলিত জেলা ভিত্তিক তালিকা স্ব স্ব ওয়েব সাইটে উপস্থাপন ও প্রতিবেদন |
| [২.১] দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের ঋণ সহায়তা দান | [২.১.১] প্রকল্প স্থাপনের লক্ষ্যে যুব ঋণ গ্রহীতার সংখ্যা | উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর | যুব ঋণ গ্রহীতার তথ্য সম্বলিত জেলা ভিত্তিক তালিকা স্ব স্ব ওয়েব সাইটে উপস্থাপন ও প্রতিবেদন |
| [২.২] প্রান্তিক জনগোষ্ঠিকে আয়বর্ধক কর্মসূচিতে সম্পৃক্তকরণে ঋণ সহায়তা প্রদান | [২.২.১] উপকারভোগীর সংখ্যা | উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর | যুব ঋণ গ্রহীতার তথ্য সম্বলিত জেলা ভিত্তিক তালিকা স্ব স্ব ওয়েব সাইটে উপস্থাপন ও প্রতিবেদন |
| [২.৩] প্রশিক্ষিত যুবদের কর্মসংস্থান সৃষ্টি | [২.৩.১] সৃষ্ট কর্মসংস্থান | উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর | প্রশিক্ষণের মাধ্যমে ঋণ সহায়তা নিয়ে এবং ঋণ সহায়তাবিহীন কর্মসংস্থানে নিয়োজিত যুবদের নাম, ঠিকানা ও মোবাইলনং সম্বলিত জেলা ভিত্তিক তালিকা স্ব স্ব ওয়েব সাইটে উপস্থাপন ও প্রতিবেদন |
| [৩.১] জাতীয় যুব পুরস্কার প্রদান | [৩.১.১] পুরস্কার প্রাপ্ত আত্মকর্মী যুব/ যুব সংগঠক এর সংখ্যা | উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর | প্রতিবেদন,চিত্র,ডকুমেন্ট ও জেলা বাছাই কমিটির কার্যবিবরণী |
| [৩.২] জনসচেতনতামুলক অনুষ্ঠান | [৩.২.১] দক্ষ উদপাদনশীল ও সচেতন যৃব সমাজ গঠনের লক্ষ্যে অনুষ্ঠিত জনসচেতনতামূলক অনুষ্ঠান | উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর | অনুষ্ঠান আয়োজনের প্রতিবেদন, চিত্র, অনৃষ্ঠানে উপস্থিত অতিথির নাম ও প্রতিটি অনৃষ্ঠানে উপস্থিতির সংখ্যা |
| [৩.৩] যুব সংগঠন নিবন্ধন কার্যক্রম | [৩.৩.১] যুব সংগঠন নিবন্ধেনের সংখ্যা | উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর | আবেদন প্রাপ্তি ও নিষ্পত্তির তারিখসহ নিষ্পত্তির হার সম্বলিত |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|

# সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ